

Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 24 May, 2025

ঘূর্ণঝড় শক্তি ও মছা মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুতি নিয়েছে ভোলা জেলা প্রশাসন। এ ঝড় মোকাবেলায় ৮৬৯ টি আশ্রয় কেন্দ্র ও ১৪ টি মাটির কেলা প্রস্তুত রাখা হয়েছে। এছাড়াও সিপিপি ও রেডক্রিসেন্টসহ ১৩ হাজার ৮'শ সেচ্চাসেবীতে প্রস্তুত রাখা হয়েছে। এছাড়া ও প্রস্তুত রাখা হয়েছে ৯৭ টি মেডিকেল টিম ।

শনিবার (২৪ মে) সকালে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির এক জরুরী সভায় এ তথ্য নিশ্চিত করেছেন জেলা প্রশাসক মোঃ আজাদ জাহান।

এ সময় তিনি বলেন, ঝড় মোকাবেলায় দুর্যোগের আগে, দুর্যোগকালীন ও দুর্যোগ পরবর্তী মোট ৩ ধাপের প্রস্তুতি নেয়া হয়েছে।

তারই অংশ হিসেবে মেডিকেল টিম, শুকনো খাবার, চাল মজুদ রাখার পাশাপাশি সরকারি কর্মকর্তাদের ছুটি বাতিল করা হয়েছে।

এছাড়াও বিচ্ছিন্ন দ্বীপে বসবাসকারি জনগোষ্ঠীকে নিরাপদে আনতে প্রস্তুতি নেয়া হয়েছে। মজুদ রাখা হয়েছে ২'শ ৯১ মেট্রিন টন চাল ও দেড় হাজার প্যাকেট শুকনো খাবার ও ৫ লাখ টাকার শিশু খাদ্য।

পুলিশ, কোস্টগার্ড, নৌ পুলিশ, ফায়ার সার্ভিসসহ সরকারি দপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের সতর্ক রাখা হয়েছে। দুর্যোগে ক্ষয়ক্ষতি কমিয়ে আনতে এবং ঝড় মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুতির কথা জানান জেলা প্রশাসক।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 05:57

URL: <https://www.timestodaybd.com/barishal/7758072867>